**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**14 OCTOBER 2025** **7:35AM**

==================================================================

গৌহাটী , শিলচর ও ডিব্রুগড় মেডিকেল কলেজ ও হাসপাতালে আস্থা প্রকল্পের মাধ্যমে স্মার্ট ক্লাস ও আধুনিক পরীক্ষাগার নির্মাণ করা হবে । রাজ্য সরকার রাজ্যের মেডিকেল কলেজগুলির উন্নীতকরণের জন্য চার হাজার ২৮৭ কোটি টাকার অনুমোদন দিয়েছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে জানিয়েছেন ।

এছাড়া শ্রীমন্ত শংকরদেব স্বাস্থ্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে ডিজিটেল ও শৈক্ষিক উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । এই পরিকল্পনার অধীনে চিকিৎসক , নার্স ও প্যারামেডিকেল কর্মীদের প্রশিক্ষণ ও দক্ষতা বিকাশের ব্যবস্থা করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন ।

---

রাজ্য সরকারের প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার চর্তুথ শ্রেণীর পদগুলির ফলাফল আগামীকাল ঘোষণা করা হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন

যে আগামীকাল সকাল সাড়ে দশটায় সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রার্থীরা এই ফলাফল দেখতে পারবেন । মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা আরো জানান যে আগামী ১৫ থেকে ১৭ই অক্টোবরের মধ্যে স্নাতকোত্তর শিক্ষকের পদগুলির ফলাফলও ঘোষণা করা হবে । চলতি মাসের মধ্যেই ৩৫ হাজার যুবক যুবতী চাকরি লাভ করবেন বলে মূখ্যমন্ত্রী জানিয়েছেন ।

---

ভারতীয় রেল দীপাবলী ও ছটপূজার সময়ে যাত্রী ভীড় সামাল দিতে বারো হাজার বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে ।

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণৌ গতকাল রেলওয়ে সুরক্ষা বাহিনীর ৪১তম প্রতিষ্ঠা দিবসে একথা জানিয়েছেন । রেলমন্ত্রী আরো জানান যে রেলওয়ে সুরক্ষা বাহিনী- আর পি এফ'এ নিয়োগের জন্য এখন থেকে প্রতি বছর স্টাফ সিলেকশন কমিশন নিযুক্তি পরীক্ষার ব্যবস্থা করবে ।

---

নির্বাচন কমিশন মিজোরামের ডাম্পা আসন সহ সাতটি রাজ্যের আটটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছে । মিজোরামের আসনটির জন্য মনোনয়ন পত্র জমা করার শেষ দিন আগামী ২১শে অক্টোবর ধার্য করা হয়েছে । এই আসনটির জন্য ভোটগ্রহণ আগামী ১১ই নভেম্বর অনুষ্ঠিত হবে এবং আগামী ১৪ই নভেম্বর ভোট গণনা করা হবে ।

---

শিলচর পৌর নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং জানিয়েছেন যে শিলচর পৌর নিগমের নির্বাচনের জন্য কোন তারিখ এখনো ঘোষনা করা হয় নি , তাই

নির্বাচনী বিধি ও জারী হয় নি ।উল্লেখ্য কিছি সংবাদ মাধ্যমে শিলচর পৌর নিগমের নির্বাচন সংক্রান্ত ভুয়ো খবর প্রচার করা হয়েছে ।

---

সিঙ্গাপুরের তিনজন প্রবাসী অসমীয়া জুবিন গর্গের মৃত্যু সম্পর্কে সাক্ষ্য প্রদান করতে গতকাল আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার কার্যালয়ে হাজির হয়েছেন । পরীক্ষিত শর্মা, সিদ্ধার্থ বরা এবং জাওলাংসাংতা নার্জারী নামের এই ব্যক্তিকে এস আই টি জিজ্ঞাসাবাদ করার পর কামরূপ মহানগর জেলার মুখ্য বিচারপতির আদালতে তাদের ভাষ্য লিপিবদ্ধ করা হয় । এছাড়া জুবিন গর্গের সহযোগী শতাব্দী বরারও ভাষ্য গতকাল আদালতে গ্রহণ করা হয়েছে । উল্লেখ্য- সিঙ্গাপুরে জুবিন গর্গের মৃত্যুর সময়ে ঘটনাস্থলে উপস্থিত থাকা এই তিনজনের সঙ্গে এগারোজন প্রবাসী অসমীয়াকে পুলিশ সমন জারী করেছিল ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির আহ্বানে গতকাল শিলচর বঙ্গ ভবনে আয়োজিত সমাবেশে কাছাড় জেলার ১৯টি গ্রামকে স্বশাসিত পার্বত্য পরিষদের অর্ন্তভুক্ত করার সরকারী প্রস্তাবের বিরুদ্ধে তীব্র জনমত গড়ে তুলার সিদ্ধান্ত নে ওয়া হয়েছে । সরকারের এই প্রস্তাব বাতিলের দাবীতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের কাছে স্মারক পত্র পাঠানো হবে । বিভিন্ন পর্য্যয়ের আন্দোলন সংগঠিত করার জন্য সমাবেশ থেকে সঞ্জীব দেব লস্করকে আহ্বায়ক করে একটি পরিচালনা কমিটি গঠন করা হয়েছে ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তন অনুষ্ঠান আগামী ১৯ ও ২০ জানুয়ারী অনুষ্ঠিত হবে । এতে ২০২৫ সালের পয়লা জানুয়ারী থেকে

সমাবর্তন অনুষ্ঠানের জন্য জারী করা বিজ্ঞপ্তিতে উল্লেখ করা আবেদন পত্র জমা দেবার শেষ দিন পর্যন্ত যেসব ছাত্র ছাত্রী এম ফিল এবং পি এইচ ডি ডিগ্রীর জন্য আবেদন করবেন তাদের সম্মানিত করা হবে । অর্থাৎ যেসব ছাত্র ছাত্রী চলতি বছরের ৬ নভেম্বরের মধ্যে ই-মেল যোগে তাদের ডিগ্রী সম্পূর্ণ করার আবেদন পত্র সহ ডিগ্রী সম্পূর্ণ করার নোটিফিকেশন অন-লাইন যোগে প্রেরণ করবেন তাদেরকেই ওই দিনের সমাবর্তন অনুষ্ঠানে সম্মানিত করা হবে । এছাড়াও সমাবর্তন অনুষ্ঠানে ইন্টিগ্রেটেড কোর্স , স্নাতক এবং স্নাতকোত্তর পাঠক্রমের ছাত্র ছাত্রীদেরও সার্টিফিকেট প্রদান করা হবে । ইচ্ছুক ছাত্র ছাত্রীদের www.ausexamination.ac.in/cbcs এই ওয়েবসাইটে আগামী ২০ অক্টোবর বেলা ১২টা ৩০ মিনিটর পর থেকে ৩০ অক্টোবরের মধ্যে ২ হাজার ৮শো টাকা মাশুল দিয়ে নিজেদের নাম নথিভুক্ত করতে বলা হয়েছে । আসাম বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক ডক্টর পি কে নাথ এক বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছেন ।

---

বরাক এন্টারটেইনমেন্ট সোসাইটির উদ্যোগে আগামী চৌঠা নভেম্বর থেকে বছরব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে ঋত্বিক ঘটকের জন্ম শতবর্ষ উদযাপন করার সিদ্ধান্ত হয়েছে। প্রথম অনুষ্ঠান আগামী চৌঠা নভেম্বর শিলচর মধ্যশহর সাংস্কৃতিক সংস্থার প্রেক্ষাগৃহে সন্ধ্যা পাঁচটায় অনুষ্ঠিত হবে। পরে দেশভাগের উপলব্ধি, মেঘে ঢাকা তারা চলচ্চিত্র, স্থিরচিত্র প্রদর্শনী সহ ঘটকের দর্শন ও ভাবনা নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

---